

ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর



প্রথম শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

সিপিএসসিআর/১২৩/০২/প্রশাসন

তারিখ : ২৯ অক্টোবর ২০২৪

১। ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর এর প্রথম শ্রেণিতে ২০২৫ সালের জন্য ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে। সরকারী নীতিমালা অনুযায়ী সকলের জন্য উন্মুক্ত লটারীর মাধ্যমে ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে। ভর্তি সংক্রান্ত তথ্যাদি নিম্নে দেয়া হলো:

- (ক) ভর্তি ফরমের মূল্য সকলের জন্য (সামরিক/বেসামরিক) ৫০০/- (পাঁচশত) টাকা।
- (খ) প্রসপেক্টাস এর মূল্য সকলের জন্য (সামরিক/বেসামরিক) ৩০০/- (তিনশত) টাকা।
- (গ) দি ট্রাস্ট ব্যাংক লিঃ রংপুর শাখায় ভর্তি ফরম ও প্রসপেক্টাস পাওয়া যাবে।
- (ঘ) প্রার্থীর বয়স ০১ জানুয়ারি ২০২৫ তারিখে ০৬ বছর থেকে ০৭ বছরের মধ্যে হতে হবে। ছাত্র/ছাত্রীর উচ্চতা ৪ ফুট ২ ইঞ্চি এবং ওজন ৩০ কেজির মধ্যে সীমাবদ্ধ হওয়া বাঞ্ছনীয়।
- (ঙ) ১৭ ডিজিটের জন্ম নিবন্ধন সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি ও ০২ কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি ভর্তি ফরমের সাথে জমা দিতে হবে। সামরিক সদস্যের সন্তানদের ক্ষেত্রে স্ব স্ব ইউনিট অধিনায়ক কর্তৃক প্রদত্ত বয়সের প্রত্যয়ন পত্র জমা দিতে হবে।
- (চ) ভর্তি ফরম সংগ্রহ ও জমাদানের তারিখ: ১০ নভেম্বর ২০২৪ তারিখ থেকে ২৮ নভেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত।
- (ছ) ভর্তি সংক্রান্ত অন্যান্য যাবতীয় তথ্যাদি প্রবেশ পত্রে দেয়া হবে।
- (জ) সামরিক বাহিনীর সদস্য (কর্মরত/অবসরপ্রাপ্ত), সামরিক বাহিনীতে কর্মরত বেসামরিক ব্যক্তিবর্গ যারা প্রতিরক্ষা বাজেট হতে বেতনভুক্ত ও অত্র প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক-কর্মচারীগণ স্ব স্ব ইউনিট/প্রতিষ্ঠান থেকে প্রত্যয়ন পত্র সংগ্রহ করে ব্যাংকে প্রদান সাপেক্ষে সামরিক ভর্তি ফরম সংগ্রহ করতে পারবেন।

(ঝ) ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর এর ওয়েব সাইট [www.cpscr.edu.bd](http://www.cpscr.edu.bd) থেকে ভর্তি ফরম ডাউন লোড করা যাবে। এ ক্ষেত্রে অধ্যক্ষ, ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুরের বরাবর দি ট্রাস্ট ব্যাংক লিঃ রংপুর শাখার অনুকূলে ৮০০/- (আটশত) টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার করতে হবে।

বিঃদ্রঃ

প্রতিষ্ঠানে ভর্তি সংক্রান্ত বিষয়ে প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা ও কর্মচারীদের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ করা থেকে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে। ভর্তি সংক্রান্ত কার্যক্রমে কোন প্রকার ডোনেশন/আর্থিক অনুদান গ্রহণ করা হয় না। এ ক্ষেত্রে কোন অভিভাবক আর্থিক বা অন্য কোন বিষয়ে প্রতারণা/দালাল কর্তৃক প্রতারণার স্বীকার হলে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ এর জন্য দায়ী থাকবে না। এ বিষয়ে সংশ্লিষ্ট অভিভাবকগণকে সতর্ক থাকার জন্য বিশেষ পরামর্শ দেয়া হলো।

অধ্যক্ষ  
ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ  
রংপুর